# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৬১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ জামা‘আতে সালাত আদায় করার নির্দেশ ফরয নির্দেশক; মুস্তাহাব নির্দেশক নয় মর্মে হাদীস

## ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ هَذَا الْأَمْرَ حَتْمٌ لَا نَدْبٌ

আরবী

2061 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا زَكَرِيَّا بْنُ يَحْيَى وَعَبْدُ الْحَمِيدِ بْنُ بَيَانٍ السُّكَّرِيُّ قَالَا: حَدَّثَنَا هُشَيْمٌ عَنْ شُعْبَةَ عَنْ عَدِيِّ بْنِ ثَابِتٍ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ سَمِعَ النِّدَاءَ فَلَمْ يُجِبْ فَلَا صَلَاةَ لَهُ إِلَّا مِنْ عُذرٍ)

الراوي : ابْنِ عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2061 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (560)

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: فِي هَذَا الْخَبَرِ دَلِيلٌ أَنَّ أَمْرَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِإِتْيَانِ الْجَمَاعَاتِ أَمْرُ حَتْمٍ لَا نَدْبٍ إِذْ لَوْ كَانَ الْقَصْدُ فِي قَوْلِهِ: (فَلَا صَلَاةَ لَهُ إِلَّا مِنْ عُذْرٍ) يُرِيدُ بِهِ فِي الْفَضْلِ لَكَانَ الْمَعْذُورُ إِذَا صَلَّى وَحْدَهُ كَانَ لَهُ فَضْلُ الْجَمَاعَةِ فَلَمَّا اسْتَحَالَ هَذَا وَبَطَلَ ثَبَتَ أَنَّ الْأَمْرَ بِإِتْيَانِ الْجَمَاعَةِ أَمْرُ إِيجَابٍ لَا نَدْبٍ

وَأَمَّا الْعُذْرُ الَّذِي يَكُونُ المتخلِّف عَنْ إِتْيَانِ الْجَمَاعَاتِ بِهِ مَعْذُورًا فَقَدْ تتبعته فِي السُّنَنِ كُلِّهَا فَوَجَدْتُهَا تَدُلُّ عَلَى أَنَّ العُذَرْ عَشْرَةُ أَشْيَاءَ.

বাংলা

২০৬১. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেছেন, “যে ব্যক্তি আযান শুনতে পায়, অতঃপর তাতে সাড়া দেয় না (জামা‘আতে সালাত করে না), তার কোন সালাত নেই তবে যদি তার কোন ওজর থাকে।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “অত্র হাদীসে এই মর্মে দলীল রয়েছে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক জামা‘আতে সালাত আদায় করার নির্দেশটি ফরয নির্দেশক; মুস্তাহাব নির্দেশক নয়। কেননা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বক্তব্য “তার কোন সালাত নেই তবে যদি তার কোন ওজর থাকে” এর দ্বারা যদি ফযীলত উদ্দেশ্য হতো, তবে মা‘যূর ব্যক্তি একাকী সালাত আদায় করলে, তার জামা‘আতে সালাত আদায় করার সাওয়াব হতো। সুতরাং এটা যখন অসম্ভব ও বাতিল, কাজেই এটা প্রমাণ হলো যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক জামা‘আতে সালাত আদায় করার নির্দেশটি ফরয নির্দেশক; মুস্তাহাব নির্দেশক নয়।

আর যেসব কারণে কোন ব্যক্তি জামা‘আত তরক করতে পারে, আমি হাদীসমূহ অনুসন্ধান করে দেখেছি, তা ১০ টি।”

## ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুন্নাহ: ৭৯৪; ইবনু মাজাহ: ৭৯৩; দারাকুতনী: ১/৪২০; তাবারানী: ১২২৬৫; বাইহাকী: ৩/৫৭; হাকিম: ১/২৪৫; আবূ দাঊদ: ৫৫১; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩৪৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আবূ দাঊদ : ৫৬০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91379

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন